

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-৪

নোটিশ

তারিখ : ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-৩৫০-আইন/২০২৩।—Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No. V of 1938) এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩২৬-আইন/২০২২ তারিখ ১৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ৩০ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ দ্বারা নির্ধারিত এবং নিম্ন তফসিলে বিধৃত কক্সবাজার জেলার আওতাধীন টেকনাফ উপজেলাধীন 'শিলখালী যৌথ এয়ার ডিফেন্স আর্টিলারি এবং মাল্টিপল লঞ্চ রকেট সিস্টেম (এমএলআরএস) ফিল্ড ফায়ারিং রেঞ্জ' এলাকায় বা উহার অংশ বিশেষে আগামী ০১ জানুয়ারি, ২০২৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত এয়ার ডিফেন্স (এডি) ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস ফায়ারিং পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারি করিবার অভিপ্রায় প্রকাশ করিল, যথা :—

তফসিল

- ১। **কামান এলাকার সীমানা**।—সমুদ্র উপকূলের যে কোনো জায়গা কামান ফায়ারের জন্য নির্বাচিত হইতে পারে যদি:
 - (ক) উহা উঁচু জায়গার সময় পানির কিনারা হইতে পূর্বদিকে ১৫০০ (এক হাজার পাঁচশত) গজের মধ্যে হয়;

(২৮৭২৯)

মূল্য : টাকা ৮.০০

- (খ) উত্তর সীমানা : উত্তর শিলখালী
- (১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রি ৯ মিনিট ১৫ সেকেন্ড (পূর্ব)
- (২) অক্ষাংশ : ২১ ডিগ্রি ৩ মিনিট ২৯ সেকেন্ড (উত্তর)
- (৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৬
- (৪) গ্রিড সূত্র : বর্গ- ২৩২৯ এবং ২৪২৯ ম্যাপসিট নং ৮৪ সি/৪
স্কেল ১:৫০০০০
- (৫) থানা : টেকনাফ
- (৬) জেলা : কক্সবাজার; এবং
- (গ) দক্ষিণ সীমানা : বাহারছড়া
- (১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রি ১০ মিনিট ২ সেকেন্ড (পূর্ব)
- (২) অক্ষাংশ : ২১ ডিগ্রি ২ মিনিট ৩৭ সেকেন্ড (উত্তর)
- (৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৬
- (৪) গ্রিড সূত্র : বর্গ- ২৪২৮, ২৪২৯ এবং ২৫২৮ ম্যাপসিট নং ৮৪
সি/৪ স্কেল ১:৫০০০০
- (৫) থানা : টেকনাফ
- (৬) জেলা : কক্সবাজার।

২। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (টাগেট এলাকা)।—

- (ক) এয়ার ডিফেন্স ফায়ারিং রেঞ্জ :
- (১) উত্তর সীমানা : উত্তর শিলখালী হইতে ৩০০ (তিনশত) ডিগ্রি
(অবস্থান উপরে প্রদত্ত)
- (২) দক্ষিণ সীমানা : বাহারছড়া হইতে ২৫৭ (দুইশত সাতান্ন) ডিগ্রি
(অবস্থান উপরে প্রদত্ত)
- (৩) ফায়ারিং/কামান
এলাকার কেন্দ্র
হইতে ফায়ারিং
এলাকার ব্যাপ্তি : ২২০০০ (বাইশ হাজার) মিটার অথবা ১৩.৬৭
মাইল ও সমুদ্রের উপরের আকাশ বরাবর উত্তর
এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে
- (৪) বিপদ এলাকার
উচ্চতা : ২০০০০ (বিশ হাজার) মিটার; এবং

(খ) মাল্টিপল লক্ষ রকেট সিস্টেম (এমএলআরএস) ফায়ারিং রেঞ্জ :

- (১) উত্তর সীমানা : উত্তর শিলখালী হইতে ৩১৮ (তিনশত আঠারো) ডিগ্রি (অবস্থান উপরে প্রদত্ত)
- (২) দক্ষিণ সীমানা : বাহারছড়া হইতে ২৮৮ (দুইশত আটাশি) ডিগ্রি (অবস্থান উপরে প্রদত্ত)
- (৩) ফায়ারিং/কামান এলাকার কেন্দ্র হইতে ফায়ারিং এলাকার ব্যাপ্তি : ১৩০০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) মিটার অথবা ৮০.৭৭ মাইল ও সমুদ্রের উপরের আকাশ বরাবর উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে
- (৪) বিপদ এলাকার উচ্চতা : ৩৫০০০ (পঁয়ত্রিশ হাজার) মিটার।

৩। কামান ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা।—এলাকাটি নিম্নরূপ ভৌগোলিক কেন্দ্রবিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি রেখা দ্বারা বেষ্টিত :

দ্বাঘিমাংশ (পূর্ব)

অক্ষাংশ (উত্তর)

(ক) বিন্দু ১:৯২ ডিগ্রি ৯ মিনিট ১৫ সেকেন্ড	২১ ডিগ্রি ৩ মিনিট ২৯ সেকেন্ড
(খ) বিন্দু ২:৯২ ডিগ্রি ১০ মিনিট ২ সেকেন্ড	২১ ডিগ্রি ২ মিনিট ৩৭ সেকেন্ড
(গ) বিন্দু ৩:৯২ ডিগ্রি ৬ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ৭ মিনিট ০০ সেকেন্ড
(ঘ) বিন্দু ৪:৯২ ডিগ্রি ৫ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ৩ মিনিট ০০ সেকেন্ড
(ঙ) বিন্দু ৫:৯১ ডিগ্রি ৫৮ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ১১ মিনিট ০০ সেকেন্ড
(চ) বিন্দু ৬:৯১ ডিগ্রি ৫৭ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ২ মিনিট ০০ সেকেন্ড
(ছ) বিন্দু ৭:৯১ ডিগ্রি ৪৫ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ২৭ মিনিট ১৮ সেকেন্ড
(জ) বিন্দু ৮:৯১ ডিগ্রি ৩৬ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ১৪ মিনিট ০০ সেকেন্ড
(ঝ) বিন্দু ৯:৯১ ডিগ্রি ১৭ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ৫৪ মিনিট ৫৪ সেকেন্ড
(ঞ) বিন্দু ১০:৯০ ডিগ্রি ৫৭ মিনিট ০০ সেকেন্ড	২১ ডিগ্রি ২৬ মিনিট ৩০ সেকেন্ড।

৪। কামান ফায়ারিং এবং বিপদ এলাকার অন্তর্ভুক্ত মৌজা।—অত্র এলাকাটিতে কক্সবাজার জেলার টেকনাফ থানার বাহারছড়া ইউনিয়নের শিলখালী, মৌজা জে, এল, নং-০১, বি এস সিট নং-০৩ এ অন্তর্ভুক্ত রহিয়াছে।

৫। কামান স্থাপন/অবস্থান এবং ফায়ারিং পরিচালনা এলাকা।—কামান স্থাপন/অবস্থান এবং এডি আর্টিলারির ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানসমূহ ব্যবহার করিতে হইবে:

(ক) মোজা : শিলখালী, জে. এল. নং ০১, বি এস সিট নং- ০৩, ইউনিয়ন বাহারছড়া, থানা: টেকনাফ, জেলা: কক্সবাজার; এবং

(খ) পূর্ণ বি এস দাগ নং-৩০০১, ৩০৩৪, ৩০৩৭ এবং ৩০৮৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জুবাইদা মান্নান
যুগ্মসচিব।